Teacher: Dr. Biswajit Podder.

বাংলা শব্দভান্ডার (Vocabulory)



ভাষার প্রকাশক্ষমতার মূল আধার হল শব্দসম্পদ। এই শব্দসম্পদ তিনভাবে সমৃদ্ধ হয়- উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত প্রাচীন শব্দের সাহায্যে, আগন্তুক শব্দের সাহায্যে এবং নতুন সৃষ্ট শব্দের সাহায্যে। বাংলা শব্দভান্ডারকে আমরা উৎসগত বিচারে প্রথমত তিনটি শ্রেণী ভাগ করতে পারি-

১) মৌলিক বা নিজস্ব

২) আগন্তুক বা কৃতঋন

৩) নবগঠিত।

A) মৌলিক শব্দ: যেসব শব্দ প্রাচীন ভারতীয় আর্যভাষা (বৈদিক ও সংস্কৃত) থেকে উত্তরাধিকার সূত্রে বাংলায় এসেছে তাদের বলে মৌলিক শব্দ।

আবার বলা হয় যেসব শব্দকে ক্ষুদ্রতর অর্থপূর্ন অংশে ভাগ করা যায় না তারা মৌলিক শব্দ। সুতরাং গোলযোগ এড়াতে প্রাচীন ভারতীয় আর্য থেকে আগত শব্দগুলিকে বলতে পারি উত্তরাধিকার লব্ধ নিজস্ব শব্দ। ইহা ৩ ভাগে বিভক্ত:

ক) তৎসম: যে সব শব্দ প্রাচীন ভারতীয় আর্য (বৈদিক/সংস্কৃত) থেকে সরাসরি বাংলা শব্দ ভান্ডারে এসেছে তাদের বলে তৎসম শব্দ। যেমন: জল, বায়ু, জীবন, মৃত্যু, নারী, পুরুষ, মিত্র, সূর্য ইত্যাদি। এই তৎসম শব্দগুলিকে আবার দুই শ্রেনীতে ভাগ করা হয়। যেমন-

ক) অসিদ্ধ তৎসম: যে সব তৎসম শব্দ বৈদিক ও সংস্কৃত সাহিত্যে পাওয়া যায় না এবং সংস্কৃত ব্যাকরন সিদ্ধ নয় (লৌকিক সংস্কৃতে প্রচলিত ছিল) ড: সুকুমার সেন তাদের অসিদ্ধ তৎসম বলে। যেমন- ঘর, চল, কৃষান।

খ) সিদ্ধ তৎসম: যে সব তৎসম শব্দ বৈদিক ও সংস্কৃত সাহিত্যে পাওয়া যায় এবং সংস্কৃত ব্যাকরন-সিদ্ধ তাদের বলে সিদ্ধ তৎসম। যেমন-

কৃষ্ণ, সূর্য, নর, মিত্র।

খ) অর্ধতৎসম: যে সব শব্দ প্রাচীন ভারতীয় আর্য (বৈদিক/সংস্কৃত) থেকে প্রাকৃত স্তরের মাধ্যমে না এসে সোজাসুজি বাংলায় এসেছে এবং আসার পরে আংশিক বিকৃত হয়েছে তাদের বলে অর্ধতৎসম শব্দ। একে ভগ্নতৎসম শব্দ ও বলা হয়। যেমন- রাত্রি > রাত্তির, কৃষ্ণ > কেষ্ট
নিমন্ত্রন > নেমন্তন্ন ইত্যাদি।

গ) তদ্ভব: যে সব শব্দ সংস্কৃত থেকে প্রাকৃত স্তরের মধ্যে দিয়ে বাংলা শব্দ ভান্ডারে এসেছে তাদের বলে তদ্ভব শব্দ। যেমন:

একাদশ > এগ্‌গারহ > এগার
ধর্ম > ধম্ম > ধাম

এই তদ্ভব শব্দকে দুই ভাগে ভাগ করা যায়: নিজস্ব তদ্ভব ও কৃতঋন তদ্ভব।

নিজস্ব তদ্ভব: যে তদ্ভব শব্দ যথার্থই বৈদিক বা সংস্কৃতর নিজস্ব শব্দের পরিবর্তনের ফলে এসেছে।
যেমন: ইন্দ্রাগার > ইন্দাআর > ইন্দারা।

কৃতঋন বা বিদেশী তদ্ভব: যে তদ্ভব ইন্দো-ইউরোপীয় বংশ বা অন্যবংশ থেকে প্রথমে বৈদিক বা সংস্কৃতে এসেছে পরে প্রাকৃত স্তরের মধ্যে দিয়ে বাংলায় এসেছে তাদের বলে কৃতঋন তদ্ভব। যেমন:

দ্রাগ্‌মে (গ্রীক) > দ্রম্য (সং) > দম্ম (প্রা) > দাম

পিল্লৈ (তামিল) > পিল্লিক (সং) > পিল্লিঅ (প্রা) > পিলে

B) আগন্তুক বা কৃতঋন শব্দ: যে সব শব্দ সংস্কৃত থেকে নয় কিংবা অন্য ভাষা থেকে সংস্কৃত হয়ে নয়, সোজাসুজি অন্য ভাষা থেকে বাংলায় এসেছে তাদের বলে আগন্তুক শব্দ।

আগন্তুক শব্দ দুই ভাগে বিভক্ত – 1) দেশী 2) বিদেশী।

দেশী: যে সব শব্দ এদেশের অন্যভাষা থেকে সোজাসুজি বাংলা এসেছে তাদের বলে দেশী শব্দ। ইহা আবার দুভাগে বিভক্ত:

a) অনার্য দেশী (অস্ট্রিক-দ্রাবিড় থেকে) –
ঝাঁটা, ডাটা, ঝিঙা, ডিঙি,

b) আর্য দেশী:

দোস্ত, মস্তান, ঘেরাও,
ওস্তাদ, লাগাতার, সেলাম } হিন্দী থেকে

হরতাল (গুজরাতি থেকে)

বিদেশী: বহির্ভারতীয় বিভিন্ন দেশ (ব্যতিক্রম বাংলাদেশ) থেকে যে সব শব্দ বাংলা শব্দভান্ডারে এসেছে তাদের বলে বিদেশী শব্দ যেমন:

1) আরবী- আইন, আক্কেল, মক্কেল, জব্দ।
2) ফারসী- আমীর, উজীর, ওমরাহ, সরকার।
3) ফরাসী- রেস্তরাঁ, বুর্জোয়া, প্রোলেতারিয়েৎ, কার্তুজ, কুপন।
4) জার্মান- জার, নাৎসী,
5) ইতালী- কোম্পানী, গেজেট,
6) পর্তুগীজ- আনারস, আলমারি, আলকাতরা, আলপিন।
7) ওলন্দাজ- রুইতন, হরতন, ইস্কাবন।
8) ইংরাজী- চেয়ার, টেবিল, পেন
9) চীনা- চা, চিনি, লুচি, লিচু, লিজ।
10) রুশীয়- সোভিয়েত, বলশেভিক।
11) বর্মী- ঘুগনি, লুঙ্গি।

c) নবগঠিত শব্দ: 1) অবিমিশ্র = অতিরেক, অনিকেত।
2) মিশ্র = হেড(ইং)+পন্ডিত(বাং) = হেডপন্ডিত।